এই ভুল ধারণার জবাব হলো, এটি সঠিক নয়। আয়াতটি " তাবাররনা মিনকুম"(আমরা তোমাদের থেকে মুক্ত) অর্থ বহন করে অথবা "জাহাদনা দীনা কুম আও ত্বরীক্বতাকুম"(আমরা তোমাদের দীন বা পথকে প্রত্যাখ্যান করি) এর অর্থ প্রকাশ করে, যেমনটি উলামা আত-তাফসীরের আম ব্যাখ্যায় উল্লেখ করা

হয়েছে। পবিত্র কুরআনে কাফারনা বিকুম শব্দগুচ্ছ এবং এর বিভিন্নতা একই অর্থে ব্যবহৃত হয়েছে। এর মধ্যে অন্যতম আল্লহর ﷻ সেই বাণী, যেখানে শাইত্বনের (লা'আনাহুল্লহ) কথা উদ্ধৃত করে বলা হয়েছে,

إِنِّى كَفَرْتُ بِمَآ أَشْرَكْتُمُونِ مِن قَبْلُ ۗ إِنَّ ٱلظَّٰلِمِينَ لَهُمْ عَذَابٌ أَلِيمٌ

ইতঃপূর্বে তোমরা আমাকে যার সাথে শরীক করেছ, নিশ্চয় আমি তা অস্বীকার করছি (ইবরাহীম,২২)

যার অর্থ "**তাবাররতু**"(আমি মুক্ত)

**এছাড়াও, আল্লাহ ﷻ জাহান্নামের অধিবাসীদের সম্পর্কে বলেছেন,**

ثُمَّ يَوْمَ ٱلْقِيَٰمَةِ يَكْفُرُ بَعْضُكُم بِبَعْضٍ

অত:পর কিয়ামত দিবসে তোমরা একে অপরকে অস্বীকার করবে (আল-আনকাবূত,২৫)।

যার অর্থ ইয়াতাবাররউ (একে অপরের থেকে মুক্ত হওয়া), এবং এটি ইউকাফফিরু (তাকফীর করা) নয়।

ইবনু জারির আত-তাবারী রহিমাহুল্লাহ, যিনি মুফাসসীর আলিমদের মধ্যে অন্যতম, তিনি উপরের আয়াত সম্পর্কে তাঁর তাফসীরে বলেছেন, তোমরা একে অপরের থেকে মুক্ত (ইয়াতাবাররউ) হবে।

**এবং ইবরাহীম আলাইহিস সালাম এবং তাঁর সাথীদের নিয়ে উক্ত আয়াত প্রসঙ্গে তিনি বলেছেন,**

যখন তারা তাদের সম্প্রদায়কে বলেছিল, যারা আল্লহকে অস্বীকার করে এবং ত্বগূতের উপাসনা করে, হে আমাদের সম্প্রদায়, আমরা তোমাদের এবং তোমরা আল্লহ ছাড়া যার উপাসনা কর, সেগুলো থেকে মুক্ত। আল্লহ ব্যতীত অন্য বাত্বিল ইলাহ এবং তোমাদের স্থাপন করা প্রতিদ্বন্দ্বীদের আমরা প্রত্যাখ্যান করি (আনকার্না)। আমরা আল্লহ ছাড়া অন্যের জন্য তোমাদের উপাসনাকে প্রত্যাখ্যান করি (জাহাদনা), যেটা অন্যায়ভাবে করা হয়। আমাদের এবং তোমাদের মধ্যে বিদ্বেষ চিরকাল থাকবে, কারণ তোমরা আল্লহর প্রতি কুফর কর এবং আল্লহ ছাড়া অন্যের উপাসনা কর। এই শত্রুতা ও দূরত্ব থাকবে যাবত না তোমরা একমাত্র আল্লহর প্রতি ঈমান আন। অন্য কথায় বলতে গেলে, যতক্ষণ না তোমরা একমাত্র আল্লহর প্রতি ঈমান আনো, তাঁর তাওহীদ মেনে চল, এবং তোমাদের ইবাদাহ একমাত্র তাঁর জন্য নিবেদিত কর।

আর ইবনু কাসীর রহিমাহুল্লহ তাঁর তাফসীরে, আর তোমরা যা আল্লহ ছাড়া উপাসনা কর, আমরা তা অস্বীকার করি (কাফারনা বিকুম) সম্পর্কে বলেছেন, এর অর্থ হলো তোমাদের দীন এবং পথ (দীনাকুম আও ত্বরীক্বতাকুম)।

এমনকি যদি এখানে তাকফীর বোঝানো হয়ে থাকে, তবুও এটি ইঙ্গিত বা প্রমাণ করে না যে তাকফীর আসলুদ দীনের অন্তর্ভুক্ত, যেখানে জাহালত বা তাওয়ীলের কোনো উযর নেই এবং যা আক্বল ও ফিতরাহর মাধ্যমে জানা যায়। এর অর্থ হলো তাকফীর আবশ্যক এবং এটি নাবীদের পথ অনুসরণ করা, অর্থাৎ, বার্তার (রিসালাহ) প্রমাণ উপস্থাপনের পর। সুতরাং এই আয়াতটি কোনোভাবেই তাদের বিদ‘আতের জন্য দালীল হতে পারে না, যে তাকফীর আসলুদ দীনের অংশ।

## দ্বিতীয় ভ্রান্ত ধারণা

গুলাতরা তাদের বিদ‘আত সমর্থন করার জন্য দাবি করে যে তাকফীর আসলুদ দীনের অন্তর্ভুক্ত এবং এই দাবিতে তারা আল্লহ ﷻ এর বাণী ব্যবহার করে: বলুন, হে কাফিররা, তোমরা যার ইবাদাহ কর আমি তার ইবাদাহ করি না। তারা দাবি করে যে এখানে কাফির বলে সম্বোধন করাই প্রমাণ করে যে এটি আসলুদ দীনের অংশ।

এর জবাব হলো, এই আয়াতে তাদের দাবির কোনো প্রমাণ নেই। কোনো আলিমই এই আয়াত থেকে বোঝেননি যে কাউকে কুফর বলে সম্বোধন করা তাকফীরের আবশ্যক অংশ, যা আকল ও ফিতরাহ দ্বারা প্রয়োজনীয়ভাবে জানা যায়। আলিমদের মধ্যে কোনো মতবিরোধ নেই যে তাকফীর একটি হুকুম আশ -শারঈ, যা ওয়াহির মাধ্যমে জানা যায় এবং এটি আসলুদ দীনের অংশ নয় (বিস্তারিত জানতে সিলসিলাহ এ ইলমিয়্যাহ, তৃতীয় অধ্যায় দ্রষ্টব্য)। যেমনটি পূর্বে উল্লেখ করা হয়েছে, আহলুস সুন্নাহর মূলনীতিগুলোর একটি হলো তাদের পূর্ববর্তী সালাফদের বুঝের অনুসরণ করা।

**এই সূরায় যে বিষয়টি এসেছে, তার অনুরূপ হলো আল্লহ ﷻ -এর এই বাণী:**

قُلْ يٰٓأَيُّهَا ٱلَّذِينَ هَادُوٓا۟ إِن زَعَمْتُمْ أَنَّكُمْ أَوْلِيَآءُ لِلَّهِ مِن دُونِ ٱلنَّاسِ فَتَمَنَّوُا۟ ٱلْمَوْتَ إِن كُنتُمْ

صٰدِقِينَ

বলুন, হে হাদু (ইহুদিরা), যদি তোমরা দাবী কর যে তোমরা আল্লহর ওয়ালি (বন্ধু), অন্য সকল লোকের থেকে পৃথক, তবে মৃত্যুর আকাঙ্ক্ষা কর, যদি তোমরা সত্যবাদী হও। (আল-জুমুআহ, ৬)। তাহলে কাউকে ইহুদি বলে সম্বোধন করাও কি এখন আসলুদ দীনের অংশ? তাদেরকে ইয়াহুদিয়্যাহ বলে সম্বোধন করা এটি বোঝায় না যে এই উপাধি আক্বল ও ফিতরাহর প্রয়োজনীয়তার মাধ্যমে জানা যায়।

পূর্বোক্ত আয়াতে তাদেরকে কুফরের উপাধি দিয়ে সম্বোধন করার ক্ষেত্রে উদ্দেশ্য ছিল তাদের প্রতি ক্রোধ প্রদর্শন করা এবং তাদের আমাল (কর্ম) থেকে নিজেকে মুক্ত ঘোষণা করা, যেমনটি কিছু মুফাসসিরীন আল-কিরাম উল্লেখ করেছেন।

ইবনু কাসীর রহিমাহুল্লহ বলেছেন, এই সূরা হলো বারাআহর (বিচ্ছিন্নতার) সূরা। মুশরিকদের কার্যকলাপ থেকে বারাআহ ঘোষণা। তাদের জাহালতের কারণে তারা রসূলুল্লহ ﷺ -কে আমন্ত্রণ জানিয়েছিল যেন তিনি এক বছর তাদের মূর্তিগুলোর উপাসনা করেন, এবং তারা এক বছর তাঁর ইলাহর ইবাদাহ করবে। তখন আল্লহ এই সূরাহটি নাযিল করেন, যাতে তিনি তাঁর রসূল ﷺ-কে তাদের পুরো দীন থেকে বিচ্ছিন্ন (ইয়াতাবাররউ) হওয়ার আদেশ দেন।

ইবন আশুর রহিমাহুল্লাহ তাঁর গ্রন্থ আত-তাহরীর ওয়াত-তানওয়ীর-এ বলেছেন, তাদেরকে কাফিরুন বলে সম্বোধন করা হয়েছে, যাতে তাদেরকে অবজ্ঞা করা যায় এবং তাদের থেকে বারাআহ ঘোষণা করা যায়; এটি ঘোষণা করার জন্য যে, তাদের অপছন্দের নামে তাদেরকে সম্বোধন করতে তিনি ভীত নন, যা তাদের ক্রুদ্ধ করে, কারণ আল্লহ তার জন্য যথেষ্ট এবং তিনি তাকে তাদের ক্ষতি থেকে রক্ষা করবেন।

আল-ক্বুরতুবী বলেছেন যে আবূ বাকর আল-আনবারী বলেছেন, ❝এর অর্থ হলো: যারা আল্লহকে অস্বীকার করে তাদেরকে বলুন, হে কাফিররা, এই নামে তাদেরকে সম্বোধন করুন। তাদের বলুন, হে কাফিরুন, যাতে তারা ক্রুদ্ধ হয় এবং তাদের কুফরের সাথে সম্পৃক্ততার জন্য চিহ্নিত হয়।❞

কতিপয় আলিম উল্লেখ করেছেন যে, নাবী ﷺ এই সূরাহ নাযিল হওয়ার আগে মুশরিকদের তাকফীর করেননি। এবং আপনি এমন কোনো আলিম পাবেন না, যিনি গুলাতদের দাবির সমর্থনে কথা বলেছেন। এটি আরও প্রমাণ করে যে তাকফীর আসলুদ দীনের অংশ নয়, বরং এটি ওয়াহীর মাধ্যমে জানা যায়।

## তৃতীয় ভ্রান্ত ধারণা

গুলাতরা তাদের বিদ‘আতের সমর্থনে আরেকটি ভুল ধারণা প্রচার করে, যে তাকফীর আসলুদ দীনের অন্তর্ভুক্ত।তারা এই দাবিটি মুওয়াহহিদীনদের সম্পর্কে বর্ণিত ঘটনার উপর ভিত্তি করে করে, যারা নাবী ﷺ এর আগমনের পূর্বে মুশরিকদের তাকফীর করেছিল বলে দাবি করা হয়।

আসমাহ বিনতু আবি বাক্বর রদ্বিআল্লহু আনহু এর সূত্রে বর্ণিত আমি যায়িদ ইবনি আমর ইবনি নুফাইলকে কাবার দিকে পিঠ দিয়ে দাঁড়িয়ে বলতে শুনেছি, হে ক্বুরাইশের লোকেরা! আল্লহর কসম, তোমাদের মধ্যে কেউই ইবরাহীমের দীনের ওপর নেই, শুধু আমিই আছি (মুআল্লাক্ব আকারে আল-বুখারী বর্ণনা করেছেন)।

তারা বলে, এটি একটি প্রমাণ যে তাকফীর আক্বল ও ফিতরাহর মাধ্যমে জানা যায়, কারণ তাঁরা তাদের কুফর ঘোষণা করেছিলেন বার্তা পৌঁছানোর পূর্বে এবং আল্লহর পক্ষ থেকে কোনো আদেশ আসার আগেই।

এই ভুল ধারণার জবাব হলো, ওই মুওয়াহহিদের স্পষ্ট বক্তব্য হলো তিনি তাদের থেকে বারাআহ ঘোষণা করেছিলেন। তিনি তাদের কার্যকলাপকে ঘৃণ্য ও

ভ্রান্তির ওপর ভিত্তি করে মনে করেছিলেন–যেমন অন্যান্য বর্ণনায় উল্লেখ করা হয়েছে–তাদের তাকফীর করেননি। তবে যদি ধরে নেওয়া হয় যে তিনি তার আক্বল ও ফিতরাহ-এর ভিত্তিতে তাদের তাকফীর করেছিলেন, তবে এটি এই অর্থ প্রকাশ করে না যে একটি ব্যক্তি বা এমনকি কয়েকজন ব্যক্তি তাদের আক্বল ও ফিতরাহ-এর ভিত্তিতে তাকফীরের ধারণা করেছে বলে এটি সকল মানুষের জন্য প্রয়োজনীয়ভাবে জানা হয়ে যায়। সুতরাং যে বিষয়টি কয়েকজন ব্যক্তি তাদের আক্বল ও ফিতরাহ-এর ভিত্তিতে জানে, তা প্রয়োজনীয় ইলমের অংশ হয়ে যায় না।

তবে, এই মুওয়াহহিদের ঘটনা প্রকৃতপক্ষে তাদের বিরুদ্ধে একটি প্রমাণ এবং তাদের পক্ষে নয়।

## চতুর্থ ভ্রান্ত ধারণা

গুলাতরা তাদের বিদ‘আতের সমর্থনে দাবি করে যে তাকফীর আসলুদ দীনের অন্তর্ভুক্ত, এবং এই দাবিতে তারা আলী ইবনি আবি ত্বলিব রদ্বিআল্লহু আনহু এর দিকে বর্ণনা সম্বন্ধিত একটি ঘটনা উল্লেখ করে। সেখানে বলা হয়, তিনি নাবী ﷺ -কে জিজ্ঞেস করেছিলেন, আপনি কি কখনো মূর্তিপূজা করেছেন? তিনি উত্তরে বলেছিলেন, না। তাকে জিজ্ঞেস করা হয়েছিল, আপনি কি কখনো মদ পান করেছেন? তিনি বললেন, না, এবং আমি জানতাম তারা কুফরের উপর রয়েছে। আমি তখন জানতাম না কিতাব বা ঈমান কী। এজন্য আল্লহ কুরআনে নাযিল করেছেন: আর তুমি জানতে না কী ছিল কিতাব এবং কী ছিল ঈমান। (তাফসীর আল-ওয়াসীতে আল-ওয়াহিদী বর্ণনা করেছেন)।

এর জবাব হলো, এই বর্ণনাটি মাউদূ(জাল) এবং মোটেও বিশুদ্ধ নয়। এর সনদে রয়েছে বর্ণনাকারী ইসমাঈল ইবন ইয়াহইয়া ইবন উবাইদুল্লাহ আত-

তাইমী, যাকে সলিহ জাযারাহ, আল-আযদী, আদ-দারাক্কুতনী এবং আল-হাকীম কাযযাব (মিথ্যাবাদী) হিসেবে আখ্যায়িত করেছেন। ইবনু আদী বলেছেন, তার বর্ণনার সাধারণত সবকিছুই মিথ্যা। আর আয-যাহাবি এবং ইবনু হাজার দুজনই বলেছেন, তাকে বর্জন করার (অর্থাৎ, তার বর্ণনা গ্রহণ না করা) বিষয়ে ইজমা প্রতিষ্ঠিত হয়েছে।

এমনকি যদি এই বর্ণনাটি বিশুদ্ধ হতো, তথাপি এটি নাবী ﷺ-এর আক্বল ও ফিতরাহর পরিপূর্ণতা এবং পূর্ণাঙ্গতার প্রমাণ হত। এটি কখনোই প্রমাণ করত না যে তাকফীর আক্বল ও ফিতরাহর প্রয়োজনীয়তার মাধ্যমে সকল মানুষের জন্য জানা বিষয়। আল্লহই সর্বোত্তম জানেন।

## পঞ্চম ভ্রান্ত ধারণা

গুলাতরা তাদের তাকফীর আসলুদ দীনের অন্তর্ভুক্ত বিদ'আতের দাবি সমর্থন করার জন্য শাইখ আল-মুজাদ্দিদ মুহাম্মাদ ইবনু আবদুল-ওয়াহহাব রহিমাহুল্লহ এর বক্তব্য ব্যবহার করে এবং তাঁর বক্তব্য থেকে বোঝার চেষ্টা করে যে তাকফীর আসলুদ দীনের অংশ।

শাইখ আল-মুজাদ্দিদ মুহাম্মাদ ইবনু আবদুল-ওয়াহহাব রহিমাহুল্লহ বলেছেন,

দীনের মূলনীতি ও ভিত্তি

**দীনের আসল (ভিত্তি) ও এর ক্ব'ইদাত (মূলনীতি) দুটি, তা হলো:**

**প্রথমত:** কেবল আল্লহর ইবাদাহর নির্দেশ, যার কোন শারিক নেই, এর প্রতি আহ্বান করা, এর ওপর ভিত্তি করে ওয়ালা (মিত্রতা) করা এবং এর পরিত্যাগকারীকে তাকফীর করা।

**দ্বিতীয়ত:** আল্লহর ইবাদাহর ক্ষেত্রে শির্ক থেকে সতর্ক করা, এর নিন্দা করা এর ওপর ভিত্তি করে (এর এবং এর অনুসারীদের থেকে) বিছিন্নতা এবং যে তা করে তাকে তাকফীর করা।

তাকফীর প্রসঙ্গে শাইখ রহিমাহুল্লহ এর এই বক্তব্য দীন সম্পর্কিত বিষয়ে তাকফীর আল-মুশরিকীনের গুরুত্ব তুলে ধরার জন্য। তাঁর উদ্দেশ্য তাকফীর আসলুদ দীনের অন্তর্ভুক্ত ছিল না, যা আক্বল ও ফিতরাহর মাধ্যমে জানা যায় এবং যেখানে ভুল করলে অস্বীকারকারী ব্যক্তি কাফির হয়ে যায় এবং জাহাল বা তাওয়ীলের কোনো উযর নেই। কারণ এটি আহলুস সুন্নাহ ওয়াল-জামা'আহর আলিমদের প্রতিষ্ঠিত মতের বিপরীত (সিলসিলাহ এ ইলমিয়্যাহ, তৃতীয় অধ্যায় দ্রষ্টব্য)। এটি শাইখ মুহাম্মাদ ইবনু আবদুল-ওয়াহহাব রহিমাহুল্লহ -এর নিজ বক্তব্যেরও বিরোধিতা করে, যা তার অন্যান্য পত্র (রিসালাহ) ও লেখাগুলো থেকে স্পষ্ট।

যে কেউ তাঁর বক্তব্য থেকে এ ধারণা নেয় যে তাকফীর আসলুদ দীনের অংশ, যেখানে জাহাল (অজ্ঞতা) বা তাওয়ীলের কোন উযর নেই, এবং এটি হলো কুফর বিত ত্বগূতের আসল (মূল) –তাহলে স্বয়ংক্রিয়ভাবে এর মানে দাঁড়ায় যে, ইসলামের হুকুম প্রদানের ক্ষেত্রেও সে একই কথা বলতে বাধ্য; অর্থাৎ এটি আল্লহ ﷻ- এর ওপর ঈমানের আসল। সুতরাং, যে কেউ ভুল করে

কোন মুসলিমকে তাকফীর করে, সে জাহাল বা তাওয়ীলের কোনো উযর ব্যতীতই (তাদের বিদ'আতি মূলনীতিকে গ্রহণ করে নিলে) মুশরিক বলে গণ্য হবে। কাজেই এ বিষয়ে গভীরভাবে চিন্তা করুন।

শাইখ মুহাম্মদ ইবনু আবদুল-ওয়াহহাব রহিমাহুল্লহ শারী'আহর গুরুত্বপূর্ণ বিষয়গুলোকে আসলুদ দীন বলে উল্লেখ করাটা ঠিক তেমনই যেমনটি অনেক আলিমের বক্তব্যে দেখা যায়, যখন তারা শারী'আহর একটি গুরুত্বপূর্ণ দিককে তুলে ধরতে চান। তারা এটিকে আসলুদ দীন বলে অভিহিত করেন এই কারণে, তবে এটি বোঝাতে নয় যে এটি আক্বল ও ফিতরাহর মাধ্যমে প্রয়োজনীয়ভাবে জানা বিষয়।

**এ বিষয়ে কয়েকটি উদাহরণ উল্লেখ করা হলো:**

আল-ক্বসিম আল-জুঈ রহিমাহুল্লাহ বলেছেন, আসলুদ দীন হলো যুদ্ধ (ধর্মনিষ্ঠা)। (আয-যুহদ ওয়ার রক্বইক্ব, পৃ.৭৬)।

আল-ক্বসিম ইবনু সাল্লাম রহিমাহুল্লহ বলেছেন, পবিত্রতা হল আসলুদ দীন আল -মাফরুদ (আবশ্যকীয় দীন)। (আত-তাহুর, পৃ.২৩৫)।

ইবনু বাত্তাহ রহিমাহুল্লহ বলেছেন, জেনে রাখ, আল্লহ তোমার প্রতি রহম করুন, যে আসলুদ দীন হলো আন-নাসীহাহ (পরামর্শ/কল্যাণকামিতা)। (আল-ইবানাহ আল-কুবরা, ২/৫৪৬)।

শাইখুল ইসলাম ইবনু তাইমিয়্যাহ রহিমাহুল্লহ বলেছেন, নিশ্চয়ই, আসলুদ দীন হলো উত্তম নিয়্যাহ এবং আন্তরিক উদ্দেশ্য। (মাজমু আল-ফাতাওয়া, ১৬/৫৮)।

তিনি আরও বলেছেন, আসলুদ দীন হলো ন্যায়বিচার, যা প্রতিষ্ঠার জন্য আল্লহ তাঁর রসূলগণকে প্রেরণ করেছেন। (প্রাগুক্ত, ১৯/২৪)।

তিনি আরও বলেছেন, আসলুদ দীন হলো ফরয পালন করা এবং হারাম বর্জন করা(প্রাগুক্ত, ২২/১৩৬)।

আল-আল্লামাহ ইবনুল ক্বইয়্যিম রহিমাহুল্লাহ বলেছেন, আসলুদ দীন হলো গ্বইরহ, এবং যার মধ্যে গ্বইরহ নেই, তার কোনো দীন নেই (আদ-দা ওয়াদ-দাওয়াহ, পৃ.৬৮)।

এটি একটি সুপরিচিত প্রবণতা, যা আলিমদের বক্তব্যের সাথে পরিচিত যে কেউ জানেন–যখন তারা শারী'আহর কোন বৈশিষ্ট্যকে গুরুত্ব দিতে চান, তখন তারা এটি সাধারণত আসলুদ দীন বলে উল্লেখ করেন। শাইখ মুহাম্মাদ ইবনু আবদুল ওয়াহহাব রহিমাহুল্লাহ তাঁর পূর্ববর্তী/সালাফের এই আলিমদের পথই অনুসরণ করেছেন। সিলসিলাহ এ ইলমিয়্যাহর তৃতীয় অধ্যায়ে উল্লেখিত আহলুল ইলমদের বক্তব্য অনুযায়ী, আসলুদ দীনের সংজ্ঞা যা আক্বল ও ফিতরাহ দ্বারা পরিচিত, তা মুহকাম (স্পষ্ট ও নির্ধারিত), যেখানে কিছুই অস্পষ্ট নয়। এ কিতাবে উল্লেখিত আলিমদের বক্তব্যে আসলুদ দীন সংজ্ঞায়নের সময় এটি স্পষ্ট যে, আসলুদ দীন বলতে শারী'আহর কোন বিষয়কে বিশেষভাবে গুরুত্ব দেওয়া উদ্দেশ্য নয়। একটি আম অর্থে এবং অন্যটি নির্দিষ্ট স্পষ্ট শব্দে বর্ণিত হয়েছে; এর মাধ্যমে মুতাশাবিহাহ এবং উলামাদের মুহকাম বক্তব্যের পার্থক্য নির্ধারিত হয়। এর একটি উদাহরণ হলেন শাইখ আল- মুজাদ্দিদ মুহাম্মাদ ইবনু আবদুল ওয়াহহাব রহিমাহুল্লহ, যিনি বলেছেন, জেনে রাখ, তাওহীদ ইবাদাহর মধ্যে তা- ই, যার জন্য আল্লহ মাখলূক্ব সৃষ্টি করেছেন, কিতাব নাযিল করেছেন এবং রসূল পাঠিয়েছেন। এটি হলো আসলুদ দীন,

যা ছাড়া কারও ইসলাম গ্রহণযোগ্য নয়। কেউ যদি এটি ত্যাগ করে এবং আল্লহর সাথে শির্ক করে, তবে তাকে ক্ষমা করা হবে না। যেমন আল্লহ ﷻ বলেছেন: নিশ্চয়ই, আল্লহ তাঁর সাথে শির্ক করা ক্ষমা করেন না, এদ্ব্যতীত অন্য যেকোন পাপ যাকে ইচ্ছা ক্ষমা করেন (আদ-দুরারুস সানিয়্যাহ, ১/১৩৭)।

সুতরাং, যে কেউ হাক্ব জানতে এবং তা অনুসরণ করতে চায়, তার জন্য ওয়াযিব হলো আলিমদের স্পষ্ট এবং নির্ধারিত বক্তব্য গ্রহণ করা এবং তা তাদের অস্পষ্ট ও আম বক্তব্যের সঙ্গে মিলিয়ে পরীক্ষা করা। অন্যথায়, এটি তাদের পথ অনুসরণ করা হবে যাদের অন্তরে রোগ রয়েছে; যারা অস্পষ্ট বিষয়ের অনুসরণ করে, ফিতনাহর সন্ধান করে। আর আমরা আল্লহর কাছে এ থেকে আশ্রয় চাই।

শাইখ আল-মুজাদ্দিদ মুহাম্মাদ ইবনু আবদুল ওয়াহহাব রহিমাহুল্লহ এর বক্তব্য আরও প্রমাণ করে যে তিনি তাঁর শুরুতে উল্লেখিত প্রতিটি বিষয়কে আসলুদ দীনের অন্তর্ভুক্ত হিসাবে বোঝাননি। তিনি এ কথা বলেননি যে এটি আকল ও ফিতরাহর প্রয়োজনীয়তার মাধ্যমে জানা যায় এবং যে কেউ এ বিষয়ে ভুল করলে তাকে কাফির গণ্য করা হবে, যেখানে জাহাল (অজ্ঞতা) বা তাওয়ীলের কোনো উযর নেই। তিনি তাঁর বইয়ের শিরোনামে যে বিষয়গুলো যোগ করেছেন তা হলো, এবং ভিত্তি (ক্বঈদাতুহু)। শাইখ রহিমাহুল্লাহ এর উল্লেখিত বিষয়াদির মধ্যে রয়েছে এর প্রতি আহ্বান/ এ বিষয়ে উৎসাহ প্রদানএবং এর (অর্থাৎ শির্কের) প্রতি কঠোর হওয়া।এখন কি কেউ বলতে পারে যে শুধুমাত্র শাইখ রহিমাহুল্লাহ এই দুটি বিষয়কে দীনের একটি অবিচ্ছেদ্য অংশ হিসেবে উল্লেখ করেছেন বলে, যে ব্যক্তি দুর্বল হওয়ার দরুন অথবা ভয়ের চোটে এই দুটি বিষয় পালন করে না সে আসলুদ দীনের সাথে সঙ্গতিপূর্ণ নয় বলে সে মুশরিক?

## ষষ্ঠ ভ্রান্ত ধারণা

যখন এটা স্পষ্ট হয়ে যায় যে আলিমরা তাকফীরকে শারী‘আহর ওপর নির্ভরশীল করেছেন, আসলুদ দীনের ওপর নয়; তখন গুলাতরা নিজেদের এবং নিজেদের বিদ‘আহকে রক্ষা করার চেষ্টা স্বরূপ দাবি করে যে, শির্ক শব্দটি রিসালাহ (বার্তা) পৌঁছার পূর্বে ফিতরাহ এবং আক্বল দ্বারা প্রতিষ্ঠিত হয়েছে। এর ফলে তারা শির্ক শব্দটিকে আসলুদ দীনের অন্তর্ভুক্ত করে এবং শির্ক ও কুফরের মধ্যে পার্থক্য সৃষ্টি করে। তারা দাবি করে যে রিসালাহ (বার্তা) পৌঁছার পূর্বেই শির্ক শব্দটি প্রতিষ্ঠিত হয়, কিন্তু কুফরের উপাধি প্রতিষ্ঠিত হয় শারী‘আহ দ্বারা প্রতিষ্ঠিত, অর্থাৎ বার্তার হুজ্জাহ উপস্থাপনের পরে।

তারা এই দাবিকে প্রমাণ করার জন্য শাইখুল ইসলাম ইবনু তাইমিয়্যাহ রহিমাহুল্লাহ এর ক্বওলের উদ্ধৃতি দেয়, যেখানে তিনি বলেছেন: রিসালাহ (বার্তা) পৌঁছার পূর্বেই শির্কের লেবেল (আখ্যা) প্রতিষ্ঠিত হয়।তারা এই ক্বওল এমনভাবে ব্যাখ্যা করে যে, যদি কেউ শির্ককারীকে মুশরিকীনবলে অভিহিত না করে, তবে সে নিজেও তাদেরই ন্যায় মুশরিক। কারণ তাদের দাবি অনুযায়ী, আক্বল ও ফিতরাহর মাধ্যমে শির্ক জানা যায়।

## বেশ কিছু দিক থেকে এ দাবির জবাব:

**প্রথমত:** ইবনু হাযম রহিমাহুল্লহ তাঁর আল-ফাসলু ফিল মিলাল ওয়াল আহওয়া ওয়ান নাহল কিতাবে (৩/১২৬)-এ ইজমার উল্লেখ করেছেন যে, কুফর ও শির্কের উপাধি শারী‘আহ থেকে প্রাপ্ত। শাইখুল ইসলাম ইবনু তাইমিয়্যাহ রহিমাহুল্লহ নিজেও বলেছেন, নিশ্চয়ই, মুসলিম, ইয়াহুদি, নাসরানি এবং দীন সম্পর্কিত অন্যান্য আখ্যা, এগুলো ব্যক্তির ঈমান, নিয়্যাহ, ক্বওল (কথা) বা আমালের (কাজ) ওপর ভিত্তি করে নির্ধারণ করা হয়।

তিনি আরও বলেছেন, আসলুদ দীনের উপর নির্ভরশীল প্রতিটি হুকুম, যেমন ইসলাম, ঈমান, কুফর, রিদ্দাহ, ইহুদি হওয়া (তাহাওয়ুদ), নাসারা হওয়া (তানাস্সুর), এগুলো সেই ব্যক্তির উপর প্রযোজ্য হয়, যিনি এই উপাধি বোঝানোর শর্ত পূরণ করেন। এবং মুশরিক বা আহলুল কিতাবের অন্তর্ভুক্ত হওয়ার প্রকৃতিও এই দিক থেকে নির্ধারিত হয়।

**দ্বিতীয়ত:** শাইখুল ইসলাম ইবনু তাইমিয়্যাহ রহিমাহুল্লহ তাঁর বক্তব্যে কোথাও বলেননি বা নির্ধারণ করেননি যে কাউকে মুশরিক উপাধি দেওয়া আসলুদ দীনের অন্তর্ভুক্ত। তাঁর একমাত্র উদ্দেশ্য ছিল এটা পরিষ্কার করা যে, যারা শির্ক করে তাদেরকে এই বর্ণনা (মুশরিক) দিয়ে চিহ্নিত করা হয় রিসালাহ (বার্তা) পৌঁছানোর আগেই– যদিও তাদের শাস্তি প্রদান করা হয় না। অর্থাৎ, তাদের (রিসালাহ) কাছে বার্তা পৌঁছেছে কি পৌঁছেনি, তা বিবেচ্য নয়। যদি কেউ বলে যে শির্কের আখ্যা দেওয়া আক্বল ও ফিতরাহর মাধ্যমে জানা যায়, তবে এটি বোঝায় যে জাহাল এবং জাহিলিয়্যাহ শব্দগুলোও আক্বল ও ফিতরাহর মাধ্যমে জানা যায়, যেমনটি শাইখুল ইসলাম শির্কের প্রসঙ্গ উল্লেখ করার পরপরই এগুলো উল্লেখ করেছেন; আর তা অসম্ভব। শাইখুল ইসলামের উদ্দেশ্য ছিল শির্কের নিকৃষ্টতা পরিষ্কার করা এবং রিসালাহ (বার্তা) পৌঁছানোর আগেই এর ঘৃণ্যতা প্রতিষ্ঠিত করা। তিনি এ-ও পরিষ্কার করেছেন যে কিছু আয়াতের ভিত্তিতে (শির্কের) আখ্যা দেওয়া এবং শারী‘আহর হুকুমের মধ্যে পার্থক্য রয়েছে। আক্বল ও ফিতরাহর বিপরীতে শারী‘আহ উদ্ভূত ও নসভিত্তিক আদিল্লাহ দেখে তিনি এ সিদ্ধান্তে উপনীত হয়েছেন।

**তৃতীয়ত:** এটি একটি ভুল ধারণা যে শাইখুল ইসলাম ইবনু তাইমিয়্যাহ রহিমাহুল্লহ কুফর এবং শির্কের আখ্যা দানের মধ্যে পার্থক্য করেছেন।

তিনি অন্যত্র বলেছেন,

এবং তাদের মধ্যে কেউ কেউ বলেছেন: বরং তাদের প্রতি কোনো শাস্তি প্রয়োগ করা হবে না যাবত না তাদের কাছে একজন রসূল পাঠানো হয়,যেমনটি কিতাব ও সুন্নাহ নির্দেশ করে। তবে তাদের কাজগুলো ঘৃণিত, নিকৃষ্ট এবং আল্লহর কাছে নিন্দনীয়। তারা কুফরের সাথে বর্ণিত হয়েছে এবং আল্লহ তাদের প্রতি ক্রুদ্ধ এবং তাদেরকে ঘৃণা করেন, যদিও তাদের শাস্তি প্রয়োগ করা হয় না যাবত না একজন রসূল তাদের কাছে পাঠানো হয়। (আল-জাওয়াবুস সহীহ, ২/৩১)।

অতএব, আপনি দেখবেন শাইখুল ইসলাম রহিমাহুল্লাহ রিসালাহ (বার্তা) পৌঁছানোর আগেই তাদের কুফরের সাথে বর্ণনা করেছেন, যেমন বার্তা আসার আগেই শির্কের বিষয়ে উল্লেখ করা হয়। আল-ক্বুরআনেও আল্লহ ﷻ কিছু লোককে কুফরের সাথে বর্ণনা করেছেন, যদিও তাদের কাছে কোনো রসূল পাঠানো হয়নি।

এর একটি উদাহরণ হলো, আল্লহ ﷻ বর্ণনা করেছেন বিলকিস এবং তার জনগণের ব্যাপারে,

وَجَدْتُهَا وَ قَوْمَهَا يَسْجُدُوْنَ لِلشَّمْسِ مِنْ دُوْنِ اللهِ

আমি তাকে এবং তার ক্বওমকে আল্লহর পরিবর্তে সূর্যকে সিজদাহ করতে দেখেছি...

**কিছু আয়াত পরে আল্লহ ﷻ তাদের কুফরের আখ্যা দিয়ে বলেছেন,**

وَ صَدَّهَا مَا كَانَتۡ تَّعۡبُدُ مِنۡ دُوۡنِ اللّٰهِ ؕ اِنَّهَا كَانَتۡ مِنۡ قَوۡمٍ كٰفِرِيۡنَ

আল্লহকে বাদ দিয়ে যার ইবাদাহ তারা করত, তা তাদের সত্যের (ইসলামের) পথ থেকে বিরত রেখেছে, কারণ তারা ছিল কাফিরীনদের অন্তর্ভুক্ত।

আরেক স্থানে শাইখুল ইসলাম ইবনু তাইমিয়্যাহ (রহিমাহুল্লাহ) বলেছেন যে, আলিমদের মধ্যে সঠিক মত হলো কুফর এবং শির্কের আখ্যা প্রদানের মধ্যে কোনো পার্থক্য নেই। যখন এদের একটিকে এককভাবে উল্লেখ করা হয়, তখন উভয়ের অর্থ একই হয়। তবে যখন উভয়কে একসঙ্গে উল্লেখ করা হয়, তখন কুফর শির্কের চেয়ে আরও ব্যাপক হয়। অর্থাৎ, প্রতিটি মুশরিক কাফির, এবং প্রতিটি কাফির মুশরিক।

**আল্লহ ﷻ বলেছেন,**

يُرِيۡدُوۡنَ لِيُطۡفِـُٔوۡا نُوۡرَ اللّٰهِ بِاَفۡوَاهِهِمۡ وَ اللّٰهُ مُتِمُّ نُوۡرِهٖ وَ لَوۡ كَرِهَ الۡكٰفِرُوۡنَ ﴿۸﴾ هُوَ الَّذِیۡۤ اَرۡسَلَ رَسُوۡلَهٗ بِالۡهُدٰی وَ دِيۡنِ الۡحَقِّ لِيُظۡهِرَهٗ عَلَی الدِّيۡنِ كُلِّهٖ وَ لَوۡ كَرِهَ الۡمُشۡرِكُوۡنَ

তারা মুখের ফুঁৎকারে আল্লহর নূর নিভিয়ে দিতে চায়, আল্লহ তাঁর নূর পূর্ণ করবেনই, যদিও কাফিররা তা অপছন্দ করে। তিনিই তাঁর রসূলকে হিদায়াহ ও দীন আল-হাক্বসহ প্রেরণ করেছেন, সকল দীনের ওপর এটিকে বিজয়ী করার জন্য, যদিও মুশরিকূনরা তা অপছন্দ করে। (আস-সফ, ৮-৯)।

আল্লাহ আযযা ওয়া জাল উভয় আখ্যা এবং বর্ণনাকে পরস্পর ব্যবহার করেছেন। শাইখুল ইসলাম ইবনু তাইমিয়্যাহ রহিমাহুল্লাহ এ বিষয়ে আলোকপাত করেছেন, বিশেষ করে আহলুল কিতাব সম্পর্কে এবং তাদের মুশরিক বলা যায় কি না তা নিয়ে।

আহলুল কিতাব সম্পূর্ণ এবং নিঃশর্ত শির্কের মধ্যে প্রবেশ করে না, যা আল-কুরআনে উল্লেখিত। তবে তারা সীমিত এবং শর্তযুক্ত শির্কের মধ্যে প্রবেশ করে। আল্লহ ﷻ বলেছেন,

لَمْ يَكُنِ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ اَهْلِ الْكِتٰبِ وَ الْمُشْرِكِيْنَ مُنْفَكِّيْنَ

আহলুল কিতাবের মধ্যে যারা কুফুরি করে তারা ও মুশরিকরা (নিজেদের অবিশ্বাসে) অটল থাকবে...

সুতরাং আল্লহ মুশরিকদের একটি আলাদা শ্রেণি করেছেন, যা আহলুল কিতাব থেকে পৃথক। আর আল্লহ ﷻ বলেছেন,

اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَ الَّذِيْنَ هَادُوْا وَ الصّٰبِـِٕيْنَ وَ النَّصٰرٰى وَ الْمَجُوْسَ وَ الَّذِيْنَ اَشْرَكُوْٓا

নিশ্চয় যারা ঈমান এনেছে এবং যারা ইয়াহুদি হয়েছে, যারা সাবিঈন, নাসারা ও মাজূসি এবং যারা শির্ক করেছে...

**এভাবে তিনি তাদের (মুশরিকদের) একটি পৃথক শ্রেণি হিসেবে নির্ধারণ করেছেন। তাদের সীমিত শির্কের মধ্যে প্রবেশ করার প্রসঙ্গে আল্লহ বলেছেন,**

اِتَّخَذُوٓا اَحۡبَارَهُمۡ وَ رُهۡبَانَهُمۡ اَرۡبَابًا مِّنۡ دُوۡنِ اللّٰهِ وَ الۡمَسِیۡحَ ابۡنَ مَرۡیَمَ ۚ وَ مَاۤ اُمِرُوۡۤا اِلَّا لِیَعۡبُدُوۡۤا اِلٰـهًا وَّاحِدًا ۚ لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ ؕ سُبۡحٰنَهٗ عَمَّا یُشۡرِكُوۡنَ

তারা আল্লহকে বাদ দিয়ে নিজেদের আহবার ও রুহবানদের রব হিসেবে গ্রহণ করেছে এবং মাসীহ ইবনু মারইয়ামকেও। অথচ তারা এক আল্লহর ইবাদাহর জন্যই আদিষ্ট হয়েছে। তিনি ব্যতীত আর কোন (হাক্ব) ইলাহ নেই। তারা যা শারিক করে তা থেকে তিনি অতি পবিত্র (আত-তাওবাহ, ৩১)।

সুতরাং আল্লহ তাদের মুশরিক হিসেবে বর্ণনা করেছেন।

এর কারণ হলো তাদের দীনের মূল ভিত্তি, যার জন্য আল্লহ কিতাব নাযিল করেছেন এবং রসূল পাঠিয়েছেন, তাতে কোন শির্ক ছিল না (আল-মাজমুআল-ফাতাওয়া, ৩৫/২১৩-২১৪)।

এটি ঈমান এবং ইসলামের নামগুলোর মতো। যখন এ দুটি একসঙ্গে উল্লেখ করা হয়, তখন তারা ভিন্ন অর্থ বহন করে। কিন্তু যখন এগুলো আলাদাভাবে উল্লেখ করা হয়, তখন তারা একই অর্থ ধারণ করে।

# একটি মরিয়া প্রচেষ্টা

এখন পর্যন্ত আমরা আল্লাহর অনুগ্রহে গুলাহদের কর্তৃক উত্থাপিত প্রধান ভুল ধারণাগুলোর জবাব দিয়েছি। এক আন্তরিক প্রচেষ্টায় গুলাহরা একটি আপত্তি তুলতে চায়, জিজ্ঞেস করে: কীভাবে আপনারা বলতে পারেন যে মুশরিকদের থেকে বারাআহ ঘোষণা করা আসলুদ দীনের অন্তর্ভুক্ত, অথচ তাকফীর তা নয়?!তাদের সম্মিলিত জাহালতের দরুন তারা মনে করে যে তারা আহলুস সুন্নাহ ওয়াল জামাআহর অনুসারীদের কোনঠাসা করতে পেরেছে।

**এর উত্তর দুটি উপায়ে দেওয়া যেতে পারে: একটি আম (সাধারণ) জবাব এবং একটি বিস্তারিত জবাব।**

**প্রথমত:** এটি আসলুদ দীনের সংজ্ঞা ও দীনের মধ্যে তাকফীরের নির্ধারিত অবস্থান ও এবিষয়ে আহলুল ইলমদের স্পষ্ট বক্তব্যের মাঝেই রয়েছে (বিস্তারিত জানতে সিলসিলাহ এ ইলমিয়্যাহ দ্বিতীয় ও তৃতীয় অধ্যায় দ্রষ্টব্য)। কেউ যদি হাক্ব অনুসরণের ব্যাপারে মুখলিস (আন্তরিক) হয়ে থাকে, তবে সে ইলম ব্যতীত সুন্নাহর আলিমদের রদ করার (বৃথা) প্রচেষ্টা না করে (এর দ্বারাই) নিজের ভুল বুঝতে পারবে এবং নিজেকে সংশোধন করে নিবে এবং অনুসরণের ব্যাপারে দৃঢ় থাকবে, যেমনটি অনেকেই করেছেন, আর সমস্ত প্রশংসা আল্লহরই জন্য।

**দ্বিতীয়ত:** যারা গুলাতদের ভুল ধারণার জালে – অল্প সময়ের জন্য হলেও – আটকে গিয়েছেন, তাদের উদ্দেশ্যে বলছি: আমরা বলি, মুশরিকদের থেকে বারাআহ আসলুদ দীনের অংশ, যা আক্বল ও ফিতরাহ দ্বারা জানা যায়; পক্ষান্তরে তাকফীর হলো একটি হুকুম শারঈ, যা কেবল ওয়াহীর মাধ্যমেই জানা সম্ভব।

বারাআহ বলতে বোঝায় - হৃদয়ে যার ভিত স্থাপিত - তা হলো মুশরিকদের প্রতি (তাদের শির্কের কারণে) ঘৃণা ও শত্রুতা পোষণ করা, তাদের খেয়ালখুশি অনুসরণ না করা, তাদের সাথে ওয়ালা (মিত্রতা) না গড়া এবং তাদের শির্কে সম্মতি দেওয়া থেকে দূরে থাকা। ফলে কেউ যদি নিজে শির্ক এড়িয়ে চলে কিন্তু মুশরিকীনদের তাদের শির্কের কারণেই ভালবাসে অথবা তাদের শির্কে প্রকাশ্যে সমর্থন করে অথবা মুশরিকীনদের সাথে মুওয়াহহিদীনদের বিরুদ্ধে মিত্রতা (তাওয়াল্লি) গড়ে তোলে - তবে সে আসলুদ দীনকে বিনষ্ট করে ফেলে।

শাইখুল ইসলাম ইবনু তাইমিয়্যাহ রহিমাহুল্লাহ বলেছেন, বারাআহ উইলায়াহর বিপরীত। বারাআহর আসল (ভিত্তি) হলো ঘৃণা, আর উইলায়াহর আসল হলো ভালবাসা। কারণ তাওহীদের বাস্তবতা এই যে, মানুষ আল্লহর সন্তুষ্টির জন্য ভালবাসে এবং আল্লহ যা ভালবাসেন তা-ই ভালবাসে; আর আল্লহর সন্তুষ্টির জন্যই ঘৃণা করে, আল্লহ যা ঘৃণা করেন তা-ই ঘৃণা করে।(মাজমুআল-ফাতাওয়া, ১০/৪৬৫)।

শাইখ হামাদ ইবনু আতীক্ব রহিমাহুল্লাহ বলেছেন, জেনে রেখ, ঘৃণা মূলত অন্তরের সাথে সম্পর্কিত হলেও, যতক্ষণ না এর চিহ্ন ও লক্ষণ প্রকাশ পায় ততক্ষণ এটি কোনো উপকারে আসে না। আর তা তখনই দৃশ্যমান হয়, যখন বিদ্বেষ ও সম্পর্কচ্ছিন্নতা (বয়কট) সেটির সাথে যুক্ত হয়। তখনই বিদ্বেষ এবং ঘৃণা প্রকট হয়। কিন্তু যদি মুওয়ালাত ও সম্পর্ক অক্ষুণ্ণ থাকে, তবে তা প্রমাণ করে যে প্রকৃতপক্ষে ঘৃণা অনুপস্থিত। (সাবিলুন নাজাত ওয়াল ফাক্কাক, পৃ.৪৪-৪৫। আবদুল লাতীফ আলুশ শাইখ কর্তৃক অন্তরে বারাআহ থাকা ও তা প্রকাশ করার মাঝে পার্থক্য জানতে সিলসিলাহ এ ইলমিয়্যাহ দ্বিতীয় ও ষষ্ঠ অধ্যায় দ্রষ্টব্য)।

শাইখ হামুদ ইবনু উক্বলা রহিমাহুল্লহ-কে যখন আল-বারাআহর অর্থ সম্পর্কে জিজ্ঞেস করা হয়, তিনি উত্তরে বলেন, আর ‘বারা’ শব্দটি বির (بري) এর ক্রিয়ামূল, যার অর্থ কর্তন করা । তবে এখানে 'বারা' দ্বারা উদ্দেশ্য হলো কাফিরদের সাথে সম্পর্ক ছিন্ন করা, তাদেরকে ভালো না বাসা, মুসলিমদের বিরুদ্ধে তাদেরকে সাহায্য-সহযোগিতা না করা এবং তাদের রাষ্ট্রে বসবাস না করা।

শারঈ পরিভাষায় ‘বারা’ হলো দূরত্ব বজায় রাখা, মুক্ত হওয়া ও শত্রুতা পোষণ করা। যেমন যখন বলা হয় বারা ওয়া তাবাররউ মিনাল কুফফার,অর্থাৎ কেউ যখন নিজের সাথে তাদের সম্পর্ক ছিন্ন করে, তখন সে তাদের সঙ্গে বন্ধুত্ব করে না, তাদেরকে ভালোবাসে না, তাদের ওপর নির্ভর করে না, বা তাদের কাছে সাহায্য চায় না।

উদাহরণ হিসেবে ধরা যাক: কেউ একজন সম্প্রতি ইসলামে প্রবেশ করেছেন। তিনি শারঈ প্রমাণাদির বিষয়ে অজ্ঞ–যে প্রমাণগুলো বলে দেয়, অমুক বা তমুক কাজ করলে তা কুফর বা শির্ক। তিনি দেখলেন, কেউ একজন কবরের পাশে দাঁড়িয়ে কবরের বাসিন্দার কাছে তার জন্য শাফাআত চাচ্ছে। আপনি এই নওমুসলিমকে জিজ্ঞেস করলেন, সে কে? তিনি বলতে গিয়ে তোতলামো করেন বা ভুল উত্তর দেন; তিনি কবরের পাশে দাঁড়ানো ঐ ব্যক্তিকে মুশরিক কাফির হিসেবে চিহ্নিত করেন না, কারণ তিনি নুসুস (কুরআন-হাদীসের মূল পাঠ) ও দালীলের ব্যাপারে অজ্ঞ। তার পরিষ্কার আক্বল ও ফিতরাহ তাকে বলে দেয় যে, কবরের পাশে ঐ ব্যক্তির করা কাজটি ঘৃণ্য; কিন্তু কী বলে তাকে অভিহিত করবেন বা কী রায় দেবেন–তা তিনি জানেন না। এই ব্যক্তির কোনো ক্ষতি হবে না, যতক্ষণ না তিনি আসলুদ দীন পরিপূর্ণভাবে পালন করেছেন এবং মূল প্রমাণাদির ব্যাপারে অজ্ঞ রয়েছেন। যখন পরে তাকে দেখানো হয় যে, মৃত ব্যক্তির কাছে চাওয়া কুফর এবং যে ব্যক্তি মৃত ব্যক্তির কাছে কিছু চায় সে মুশরিক কাফির – তখন তিনি হয় তা মেনে নেন, অথবা প্রত্যাখ্যান করেন।

এটা কেবল একটিমাত্র উদাহরণ (তাকফীর আল-মুশরিকীন থেকে বিরত থাকা লোকদের মধ্যকার পার্থক্য জানতে সিলসিলাহ এ ইলমিয়্যাহ, চতুর্থ অধ্যায় দ্রষ্টব্য)।

একজন মুওয়াহহিদ এই পরিস্থিতিতে–যখন তিনি দীনের আসমা ও আহকাম সম্পর্কে জানেন না–তার উপকার হয় এই অর্থে যে, তিনি অন্তত জানেন শির্ক (যদিও এই শব্দটা তিনি হয়তো জানেন না) হলো মিথ্যা ও জঘন্য কাজ। তিনি মুশরিকদের ভালোবাসেন না, বরং অন্তর থেকেই তাদের এই কাজকে ঘৃণা করেন। পরে কুরআনে যখন দেখানো হয় যে যারা শির্ক করে, তারা কুফফার বা মুশরিক; এবং কুরআন যখন তাদের সম্পর্কে কুফর ও শির্কের বিধান প্রতিষ্ঠা করে–তখন তিনি সেটিকে মেনে নেন।

সংক্ষেপে, কোনো কিছুকে কুফর ও শির্ক বলে হুকুম (রায়) দেওয়া, কিংবা কাউকে কাফির মুশরিক বলে চিহ্নিত করা–এমন কোনো বিষয় নয় যা মানুষের আক্বল ও ফিতরাহর স্বতঃসিদ্ধ জারুরাহর (প্রয়োজনীয়তা) মাধ্যমে জানা যায়। এগুলো হলো দীনের বিধান ও পরিচিতি, যা মানুষ নুসুস ও দালীল সম্পর্কে ইলম লাভের পরই জানতে পারে।

# পরিশেষে

ওয়াল্লহি, আমরা ইরজাহর অনুসারী (মুরজিয়াহ) নই, আর না আমরা গুলাতদের অন্তর্ভুক্তও। সমস্ত প্রশংসা আল্লহর জন্য। এটা বললে অত্যুক্তি হবে না যে, যারা নিজেদের মুসলিম বলে দাবি করে, তাদের মধ্যে ব্যাপকভাবে ধর্মত্যাগ (রিদ্দাহ) ঘটেছে; আর অনেকেই তাওহীদ ও লা ইলাহা ইল্লাল্লহ-এর মৌলিক অর্থ সম্পর্কে জাহিল। আলহামদুলিল্লাহ, নসভিত্তিক দালীল ও আলিমদের বক্তব্য পর্যবেক্ষণের দরুন আমরা তা সম্পর্কে অবগত। এটি আহলুল ইলমগণ কর্তৃক বিন্যস্ত সুদৃঢ় ও মজবুত নীতিমালার ওপর প্রতিষ্ঠিত, কোন খেয়ালখুশি বা প্রবৃত্তির (যাকে কেউ কেউ আক্বলও বলে) ভিত্তিতে নয়।

সালাফরা সত্য বলেছেন যে, খাওয়ারিজদের উযর মুরজিয়াহদের অপেক্ষা অধিক এবং এই উম্মাহর ওপর সবচেয়ে বিপজ্জনক বিদ‘আহ হলো ইরজাহর বিদআহ। তথাপি যেখানে শিথিলতা থাকে, সেখানেই চরমপন্থাও দেখা দেয়। আমরা যত দিন সালাফের পথ এবং ইলম ও আমালে তাঁদেরকে অনুসরণকারীদের পথ আঁকড়ে থাকব, আল্লহর অনুমতিক্রমে কোনো বিভ্রান্ত পথ আমাদের পরাভূত করতে পারবে না।

**শাইখ আবদুল্লাহ ইবনু শাইখ আল-মুজাদ্দিদ মুহাম্মাদ ইবনু আবদুল ওয়াহহাব রহিমাহুল্লাহ বলেছেন,**

সংক্ষেপে, যে-ই নিজে মুখলিস (আন্তরিক), তার কর্তব্য হলো এই বিষয় নিয়ে আল্লহর পক্ষ থেকে প্রাপ্ত ইলম ও দালীল ব্যতিরেকে কোন কথা না বলা। সাবধান থাকতে হবে – যেন নিজের বোঝাপড়া বা আক্বল যে-টাকে সঠিক মনে করে, শুধু সেই ভরসায় কাউকে ইসলাম থেকে বহিষ্কার করে না ফেলে। কারণ কাউকে মুসলিম বলা বা কাউকে ইসলাম থেকে বের করে দেওয়া – দীনের সবচেয়ে গুরুতর বিষয়গুলোর একটি।

আরও বলে রাখি, আমাদের জন্য জরুরি হলো অনুসরণ করা এবং বিদআহ থেকে বিরত থাকা, যেমন ইবনু মাসঊদ রদ্বিআল্লহু আনহু বলেছেন, অনুসরণ কর, বিদ‘আহ করো না। নিশ্চয়ই তোমাদের জন্য যথেষ্ট করা হয়েছে...

নিশ্চয়ই শাইত্বন এই বিষয়টি নিয়ে অনেক মানুষকে বিভিন্ন দলে বিভক্ত করেছে। কিছু লোক এমন আছে, যারা কিতাব, সুন্নাহ এবং ইজমাহর দালীল দ্বারা যাকে কাফির বলে সাব্যস্ত করা হয়েছে, তাকেই ইসলামের বিধান (মুসলিম আখ্যা) দিয়ে বসে; আবার অন্যদিকে এমন লোকও আছে, যারা কিতাব, সুন্নাহ এবং ইজমাহর রায়ে যাকে মুসলিম বলা হয়েছে, তাকেই কাফির বলে ফেলে (আদ-দুরারুস সানিয়্যাহ, ১০/৩৭৪-৩৭৫)।

আর আল্লহই সর্বোত্তমভাবে জানেন। আল্লহর সলাহ ও সালাম বর্ষিত হোক আমাদের নাবী মুহাম্মাদ ﷺ-এর ওপর। আমরা এই বলে শেষ করছি যে, সমস্ত প্রশংসা জগতসমূহের অধিপতি আল্লহর জন্যই।